

# বিশ্ব খাদ্য-নিরাপত্তা দিবস উপলক্ষে বিইউএইচএস ক্যাম্পাসে সেমিনার অনুষ্ঠিত

০১ জুলাই ২০২৪, ১৬:১১



বিশ্ব খাদ্য-নিরাপত্তা দিবস উপলক্ষে বাংলাদেশ ইউনিভার্সিটি অব হেলথ সায়েন্সেস (বিইউএইচএস)-এর ইব্রাহিম মিলনায়তনে ‘প্রিপেয়ার ফর দ্যা আনএক্সপেকটেড’-শীর্ষক একটি সেমিনার অনুষ্ঠিত হয়। এই সেমিনাটি যৌথ ভাবে আয়োজনে করে বিইউএইচএস-এর জনস্বাস্থ্য অনুষদ ও বাংলাদেশ সোসাইটি ফর সেইফ ফুড।

সেমিনারে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের (বিএফএসএ) সদস্য অধ্যাপক ড. মোহাম্মদ শোয়েব ও বাংলাদেশ সোসাইটি ফর সেইফ ফুড-এর প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের মাইক্রোবায়োলজি ও হাইজি়ং বিভাগের প্রধান অধ্যাপক কে এইচ এম নাজমুল হোসেন নাজির অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিইউএইচএসর জনস্বাস্থ্য অনুষদের ডিন অধ্যাপক ডা. মো. আনোয়ার হোসেন সেমিনারে সভাপতিত্ব করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউটের অধ্যাপক ড. তোরাব রহিম ও বিএফএসএর প্রাক্তন সদস্য রেজাউল করিম অনুষ্ঠানে আলোচক হিসেবে বক্তব্য রাখেন। বিইউএইচএসের রেজিস্ট্রার অধ্যাপক ডা. মো. জাহিদ হাসান সেমিনারে স্বাগত বক্তব্য প্রদান করেন এবং মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিশ্ববিদ্যালয়ের কমিউনিটি নিউট্রিশন বিভাগের প্রধান অধ্যাপক ড. ফারজানা সালেহ। সেমিনারের প্রধান অতিথি বিইউএইচএসের উপাচার্য অধ্যাপক ডা. ফরিদুল আলম অনুষ্ঠানে উপস্থিত থাকতে পারেননি, তবে, তিনি এক বার্তায় অতিথি, আলোচকসহ উপস্থিত সবার প্রতি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন।

অধ্যাপক ড. মোহাম্মদ শোয়েব বলেন, উৎপাদন হতে শুরু করে পরিবেশন পর্যন্ত প্রতিটি স্তরে খাদ্যের গুণগতমান বজায় রাখতে হবে এবং খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকল ব্যক্তি ও প্রতিষ্ঠানকে যথাযথভাবে কাজ করে যেতে হবে। তিনি সবাইকে একটি হটলাইন মোবাইল নম্বরে সংযুক্ত থাকার জন্য আহ্বান জানান, যাতে অনিরাপদ খাদ্য ঝুঁকি মোকাবিলা করে নিজেদের সুরক্ষা করতে পারেন।

অধ্যাপক কে এইচ এম নাজমুল হোসেন নাজির বলেন, বাংলাদেশের মানুষের মধ্যে ঔষধ খাওয়ার প্রবণতা অনেক বেশী, এর উপর নির্ভরতা কমিয়ে নিরাপদ খাদ্য গ্রহণের উপর বিশেষ জোর দিতে হবে। তিনি প্রক্রিয়াজাত খাদ্যের দিকে না ঝুঁকে সাধারণ শাক সবজি খাওয়ার উপর গুরুত্ব আরোপ করেন। সেমিনারে আলোচকবৃন্দ খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার জন্য সামাজিক সচেতনতার উপর গুরুত্ব আরোপ করেন। তারা মনে করেন সবার জন্য নিরাপদ খাদ্য নিশ্চিত করার জন্য সরকারের নিয়ন্ত্রণকারী সংস্থাকে কার্যকর ভূমিকা পালন করতে হবে এবং বেসরকারি সকল প্রতিষ্ঠানকে এগিয়ে আসতে হবে।

অনুষ্ঠানের সভাপতি বিইউএইচএসের জনস্বাস্থ্য অনুষদের ডিন অধ্যাপক ডা. মো. আনোয়ার হোসেন তার সমাপ্তি বক্তব্যে সেমিনারে অংশগ্রহণের জন্য সবাইকে ধন্যবাদ জানান এবং কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি এই জনগুরুত্বপূর্ণ বিষয়ে সেমিনার আয়োজনে আন্তরিক সহযোগিতার জন্য বাংলাদেশ সোসাইটি ফর সেইফ ফুডকে ধন্যবাদ জানান এবং ভবিষ্যতে যে কোন জনস্বাস্থ্য বিষয়ে এক সঙ্গে কাজ করার জন্য আশাবাদ ব্যক্ত করেন। বিইউএইচএসের ট্রেজারার, বিভিন্ন অনুষদের ডিন, প্রক্টর সহ শিক্ষকমন্ডলী ও ছাত্রছাত্রীরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

সম্পাদক: মাহবুব রনি

১২৮/১, পূর্ব তেজতুরি বাজার, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

ফোন: +৮৮০১৭১২৪৬৮৮৯৭, +৮৮০১৭৬০৩৮৮৮১৯, ইমেইল:

news@thedailycampus.com